ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস ডেভলাপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ত্রিপুরা সরকারের অধিগৃহীত একটি সংস্থা)

এম.বি.বি.সরনী,জেইল রোড,আগরতলা, এপুরা, পিন-৭৯৯০০।।

ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস ডেভলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের হস্ততাঁত বস্ত্র ও হস্তকারু শিল্প সামগ্রী বিক্রমের জন্য ফ্র্যাঞ্চাইজ / কমিশন এজেন্ট নিয়োগের বিজ্ঞপ্তি:

ত্রিপুরা হ্যান্ডলুম অ্যান্ড হ্যান্ডিক্রান্টম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড ত্রিপুরা সরকারের অধিগৃহীত ও ভারতীয় কোম্পানী আইন-১৯৫৬-র অধীনে নিবন্ধিত একটি সংস্থা এবং কর্পোরেশন 'পূর্বাশা বিপণন কেন্দ্রের মাধ্যমে রাজ্যের তাঁত ও কারু শিল্পীদের উৎপাদিত ঐতিহ্যবাহী তাঁতবস্ত্র ও কারুশিল্প সামগ্রী জাতীয়, রাজ্য,জেলা এবং মহকুমা পর্যায়ে বিক্রয়ের জন্য ফ্র্যাঞ্চাইজ / কমিশন এজেন্ট নিয়োগের সিদ্ধান্ত গ্রহন করেছে।

অতএব,করর্পোরেশনের ফ্র্যাঞ্চাইজ/কমিশন এজেন্ট হিসাবে নিযুক্ত হতে অভিজ্ঞ আগ্রহী সংস্হা/গোষ্ঠী/ব্যক্তিবর্গ আগামী ৩১ শে জানুয়ারী ২০২১ইং তারিখের মধ্যে উপরোক্ত ঠিকানায় কাজের অভিজ্ঞতার শংসাপত্র ও ব্যক্তি/সংস্হার বায়োডাটা (পরিচয় সংক্রান্ত তখ্যাবলী) সমেত আবেদনপএ জমা দিতে পারবেন।

বি:দ্র: ফ্র্যাঞ্চাইজ/কমিশন এজেন্ট নিয়োগের শর্তাবলী কর্পোরেশনের প্রধান কার্যালয়ে আগামী ১০ ইং জানুয়ারী ২০২১ইং থেকে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে বা www. tripura .gov.in এ জানা যাবে।

শ্রী পি.এল.চাকমা,টি.সি.এস,এস.এস.জি.

ম্যানেজিং ডাইরেক্টর

ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস ডেভলাপমেন্ট

কর্পোরেশন লিমিটেড,

এম.বি.বি.সরনী,জেইল রোড,

আগরতলা, এপুরা।

ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস ডেভলাপমেন্ট কর্পোরেশন লিমিটেড

(এিপুরা সরকারের অধিগৃহীত একটি সংস্থা)

এম.বি.বি.সরণী,আগরতলা, এিপুরা, পিন-৭৯৯০০।।

ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস ডেভলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের হস্ততাঁত বস্ত্র ও হস্তকারু শিল্প সামগ্রী বিক্রয়ের জন্য ক্র্যাঞ্চাইজ / কমিশন এজেন্ট নিযুক্তির শর্তাবলী:

- (১)কমিশন এজেন্টের মার্কেটিং/বিপণন সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতার প্রমাণাদি থাকতে হবে।
- (২)কমিশন এজেন্টকে আর্থিকভাবে সচ্ছলতার প্রমাণাদি থাকতে হবে।
- (৩)কমিশন এজেন্টকে চুক্তিতে বর্ণিত কাজের ক্ষেত্র ব্যতীত অন্য কোনও ব্যবসায়িক ক্রিয়াকলাপের জন্য টি.এইচ.এইচ. ডি.সি–র নাম ব্যবহার করতে পারবে না।
- (৪)কমিশন এজেন্ট টি.এইচ.এইচ.ডি.সি–র কমিশন এজেন্ট হিসাবে তাঁতবস্ত্র এবং হস্তকারু শিল্প সামগ্রী বিক্রয়ের কাজ সম্পাদন করবে এবং টি.এইচ.এইচ.ডি.সি–র পক্ষে সকল সরকারী, আধা সরকারী ও বেসরকারী সংস্থার কাছ থেকে তাঁতবস্ত্র এবং হস্তকারু শিল্প সামগ্রী সরবরাহের অর্ডার/বরাত নিতে পারবে।
- (৫)কমিশন এজেন্ট টি.এইচ.এইচ.ডি.সি-র পক্ষে দক্ষতা ও অভিজ্ঞতার নিরিখে বড় ধরনের পণ্য সরবরাহের অর্ডারের জন্য ক্ষেত্র তৈরী করবে। কমিশন এজেন্ট টি.এইচ.এইচ.ডি.সি-কে পণ্যের দাম দর, সরবরাহের সময় নির্ধারণ ও অর্ডার সাপেক্ষে অগ্রিমের পরিমাণ ইত্যাদি চুডান্ত করার বিষয়ে অবহিত করবে।
- (৬)কমিশন এজেন্টকে টি.এইচ.এইচ.ডি.সি-র পক্ষে সকল সরকারী, আধা সরকারী ও বেসরকারী সংস্থার কাছ থেকে তাঁতবস্ত্র এবং হস্তকারু শিল্প সামগ্রী সরবরাহের অর্ডার/বরাত নেওয়ার জন্য টি. এইচ. এইচ. ডি. সি কমিশন এজেন্টদের স্বীকৃতি স্বরূপ একটি শংসাপত্র প্রদান করবে।
- (৭)কমিশন এজেন্ট টি.এইচ.এইচ.ডি.সি-কে সর্বদা এজেন্টের ব্যবসা ক্ষেত্রে তাঁত বস্ত্র এবং হস্ত কারুশিল্প পণ্য গুলির চাহিদা এবং বিপণনের প্রবণতা সম্পর্কে তালোভাবে অবহিত করবে এবং কোন পণ্য সরবরাহের বরাত গ্রহনের পূর্বে টি.এইচ.এইচ. ডি. সি থেকে পণ্যগুলির দাম নির্ধারিত করা সহ সরবরাহের সম্ম নিশ্চিতকরণের পরে সেটি চূড়ান্ত করতে হবে।
- (৮)কমিশন এজেন্ট কোন বেসরকারী সংস্হা/ব্যক্তির ক্ষেত্রে পণ্য সরবরাহের অর্ডার চূড়ান্ত করার পরে,অর্ডার করা পণ্য সামগ্রীর মোট মূল্যের ৫০% টাকা অগ্রিম নেবে। পরবর্তীতে বাকী ৫০% টাকা পণ্য সরবরাহের আগে আদায় করতে হবে।সরকারী সংস্থার ক্ষেত্রে কমিশন এজেন্টকে যথাযথ সময়ের মধ্যে অর্থ প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- (৯)টি. এইচ .এইচ. ডি. সি কর্তৃক পণ্য সরবরাহের অর্ডারের নিশ্চয়তা ও অর্ডারের মোট অর্থ মূল্যের ৫০% অগ্রিম অর্থ প্রাপ্তির পর পণ্য সরবরাহের বিষয়টি কার্যকর করা হবে।
- (১০)বেশী পরিমাণের পণ্য সামগ্রী সরবরাহের ক্ষেত্রে মোট অর্থ প্রাপ্তির পর কমিশন এজেন্টকে মোট প্রাপ্ত অর্থের উপর কমিশন দেওয়া হবে ,তবে প্রদেয় কমিশনের অনুপাত পারস্পরিক আলোচনার ভিত্তিতে নির্ধারিত হবে ।
- (১১)কমিশন এজেন্ট কর্তৃক খুচরা বিক্রমের ক্ষেত্রে, বিক্রম করা পণ্যের অর্থ প্রাপ্তির পর পণ্য সরবরাহ করা হবে এবং প্রতি মাসে কমিশন আর.টি.জি.এস–এর মাধ্যমে কমিশন দেওয়া হবে এবং কমিশন পারস্পরিক আলোচনার ভিত্তিতে নির্ধারিত হবে ।
- (১২)কমিশন এজেন্ট সংশ্লিষ্ট এলাকাম পণ্য সরবরাহের কাজ তদারকির জন্য এবং গ্রাহকদের কাছ থেকে টি. এইচ.এইচ.ডি.সি–র পক্ষে অর্থ সংগ্রহের দামিত্বে থাকবে । আগরতলা শহরের অভ্যন্তরে পণ্য পরিবহণ খরচ কমিশন এজেন্ট বহন করবে। জেলা/ সাব ডিভিশন পর্যায়ে সরবরাহের ক্ষেত্রে প্যাকিং এবং আসল পরিবহন ব্যয় টি.এইচ.এইচ.ডি.সি বহন করবে।
- (১৩)বহিঃ রাজ্যে পণ্য সরবরাহের ক্ষেত্রে (জাতীয় স্তরে) প্যাকিং ও পরিবহন সংক্রান্ত বিষয়ে টি.এইচ.এইচ .ডি.সি–র সাথে পরামর্শ ক্রমে কমিশন এজেন্ট কর্তৃক পণ্যের দাম চূড়ান্ত করতে হবে এবং সরবরাহকৃত পণ্যের মোট অর্থ প্রাপ্তির পরে পণ্য সরবরাহ করা হবে ।এজেন্ট কমিশনকে আর.টি.জি.এসের মাধ্যমে মোট বিক্রয়মূণ্যের উপর ২০% হারে কমিশন মাসিক ভিত্তিতে প্রদান করা হবে
- (১৪)টি.এইচ.এইচ.ডি.সি ও গ্রাহকের মধ্যে চিঠিপত্র আদান প্রদান কমিশনের এজেন্টের মাধ্যমে সমন্বিত হবে।
- (১৫)কমিশন এজেন্টকে প্রতি মাসে নির্ধারিত পরিমাণের পণ্যাদি বিক্রয় করতে হবে ,যা পারস্পরিক আলাচনার মাধ্যমে নির্ধারিত হবে ।

- (১৬)কমিশন এজেন্ট ১(এক) বছরের জন্য নিযুক্ত করা হবে এবং পরবর্তীতে কাজ কর্মের সফলতার ভিত্তিতে আরও এক বছরের জন্য নিযুক্তিপত্রের নরীকরণ করা যেতে পারে৷
- (১৭)পারস্পরিক চুক্তি নিশ্চিত করতে কমিশন এজেন্ট ব্যর্থ হলে সে ক্ষেত্রে, টি.এইচ.এইচ.ডি.সি ১৫ দিনের নোটিশে চুক্তি বাতিল করতে পারবে।
- (৯৮)জাতীয়, রাজ্য , জেলা ও মহকুমা স্তরে কমিশন এজেন্ট হতে হলে নিবন্ধন ফি ৫০,০০০ /-,২০,০০০/-এবং ১০,০০০/-টাকা জমা দিতে হবে এবং মেয়াদ শেষে সুদ বিহিন মূল নিবন্ধন ফি ফেরত দেওয়া হবে।
- (১৯)রাজ্যের মধ্যে ফ্র্যাঞ্চাইজ/ কমিশন এজেন্ট হস্ততাঁতও হস্তকারু শিল্প সামগ্রী বিপণনে সংশ্লিষ্ট অঞ্চলে টি. এইচ.এইচ.ডি.সি বিপণন কেন্দ্রের ব্যবস্থা করলে, ঐ বিপণন কেন্দ্রের বাহ্যিক ফ্যাসিয়া/বাহ্যিক সজার কাজ টি.এইচ.এইচ.ডি.সি. নিজ ব্যয়ে করবে। নির্বাচিত ফ্র্যাঞ্ছাইজ কে নিজের ব্যয়ে বিপণন কেন্দ্রের/স্টলের অভ্যন্তরীন সজার কাজ এবং বিদ্যুত বিলের খরচ বহন করতে হবে ।
- (২০)নির্বাচিত ফ্র্যাঞ্চাইজ/কমিশন এজেন্টকে সুরক্ষিত আমানত হিসাবে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ টি.এইচ.এইচ.ডি.সি-তে জমা দিতে হবে এবং টি.এইচ.এইচ.ডি.সি ঐ আমানতের ভিত্তিতে ফ্র্যাঞ্চাইজ /কমিশন এজেন্টকে বিক্রয় যোগ্য হস্ততাঁতও হস্তকারু শিল্প সামগ্রী সরবরাহ করবে।
- (২১)নির্বাচিত ফ্র্যাঞ্চাইজ /কমিশন এজেন্ট টি.এইচ.এইচ.ডি.সি-র ব্র্যান্ড নামে পণ্যগুলির ট্যাগ মূল্যে টি.এইচ.এইচ.ডি.সি-র ক্যাশ মেমোতে বিক্রম় করবে এবং ক্যাশ মেমো টি.এইচ.এইচ.ডি.সি সরবরাহ করবে। (২২)নির্বাচিত দরদাতাকে দখলকৃত স্থান পুরোপুরি বা আংশিকভাবে অন্য পক্ষকে ভাড়া দেওমা যাবে না এবং এই শর্তাবলী লঙ্ঘিত হলে টি.এইচ.এইচ.ডি.সি চুক্তি বাতিল করতে পারবে।
- (২৩)পণ্যসামগ্রী বিক্রয় ,সরবরাহ ,প্রদর্শন এবং পরিবহনের ব্যবস্থা এজেন্সি কর্তৃক করতে হবে। কাউন্টারে পণ্যসামগ্রী পরিবহনের কোনও সমস্যার জন্য টি.এইচ.এইচ.ডি.সি দায়বদ্ধ থাকবে না।
- (২৪) পণ্যসামগ্রী মজুদের দায়দায়িত্ব এজেন্সির উপর ন্যস্ত থাকবে। টি.এইচ.এইচ.ডি.সি পণ্য সামগ্রীর কোনও প্রকার ক্ষয় স্কৃতির জন্য দায়ী থাকবে না।
- (২৫)প্রতি মাসে বিক্রয় করা পণ্য সামগ্রীর সর্বমোট বিক্রয় মূল্যের উপর ১০% সার্ভিস চার্জ বাদে বাকী অর্থ সংশ্লিষ্ট সংস্থাগুলি প্রতি মাসের শেষে টি.এইচ.এইচ.ডি.সি–র ব্যাংক অ্যাকাউন্টে জমা দিতে হবে।
- (২৬)প্রতিমাসে বিক্রয় সংক্রান্ত সম্পাদিত কার্যের ভিত্তিতে পর্যালোচনা করা হবে। বিক্রয় সংক্রান্ত সম্পাদিত কার্যের বিশ্লেষণের পরে আরও পণ্য সরবরাহ করা হবে, তবে তা জমাকৃত আমানতের পরিমাণের মধ্যে সীমাবদ্ধ থাকবে।
- (২৭)নির্বাচিত এজেন্সিকে নিজের খরচে তিন (৩) মাসের মধ্যে যে কোন পণ্য সামগ্রী বিনিম্ম /ফেরত দেও্য়া দেও্য়া হবে, যে গুলি এজেন্সি বিক্রি করতে পারছেনা।তবে ফেরত পণ্যগুলি ভাল অবস্থায় অবশ্যই খাকতে হবে।
- (২৮)গোষ্ঠি/সংস্থাগুলির নির্বাচনের ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার বিবরণী, আর্থিক সাবলম্বিতা যাচাই করা সহ ব্যক্তিগত সাক্ষাত্কারের মাধ্যমে একটি কমিটি কর্তৃক নির্বাচন করা হবে এবং নির্বাচনের জন্য সাক্ষাত্কারের তারিখ নির্দিষ্ট সময়ে জানানো হবে।
- (২৯)বাছাই প্রক্রিয়া চূড়ান্ত হওয়ার পরে টি.এইচ.এইচ.ডি.সি–র সাথে চুক্তি কার্য সম্পাদন করা হবে।

শ্রী পি.এল.চাকমা,টি.সি.এস,এস.এস.জি.

ম্যানেজিং ডাইরেক্টর
ত্রিপুরা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস ডেভলাপমেন্ট
কর্পোরেশন লিমিটেড,

এম.বি.বি.সরনী,জেইল রোড, আগরতলা,এপুরা।